



# কাজেম আলী স্কুল এন্ড কলেজ KAZEM ALI SCHOOL & COLLEGE

Dr. Md. Enamul Haq Road, Chattogram, Phone : 031-613429  
E-mail: kazemalihighschool@yahoo.com, Web : www.kascc.edu.bd

EIIN : 104491

স্মারক নং.....  
তারিখ.....  
সূত্র : আপনার স্মারক নং.....  
তারিখ.....

তারিখ.....

## HSC-২০২১ পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট প্রস্তুত ও জমা দানের নিয়মাবলী

- ১) প্রতি সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে এবং Messenger গ্রুপে দেওয়া হবে। প্রতিষ্ঠান নির্ধারিত কভার পেইজটি ওয়েবসাইটে দেওয়া আছে। শিক্ষার্থীরা এটি ডাউনলোড করে অ্যাসাইনমেন্ট প্রস্তুত করবে। ৯ই আগস্ট, ২০২১ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক শিক্ষার্থীরা তাদের অ্যাসাইনমেন্ট প্রস্তুত করে জমা প্রদান করবে। নির্দিষ্ট তারিখ পরবর্তিতে জানানো হবে।
- ২) প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় নির্দিষ্ট কভার পৃষ্ঠা ব্যবহার করতে হবে। কভার পৃষ্ঠায় ৪টি অংশ থাকবে। যথা : (১) পরীক্ষার্থীদের অংশ, (২) মূল্যায়নকারীর অংশ, (৩) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অংশ, (৪) শিক্ষাবোর্ডের অংশ। পরীক্ষার্থীরা শুধুমাত্র তাদের অংশটিই স্ব-হস্তে পূরণ করবে। অন্য ৩টি অংশ ফাঁকা থাকবে।
- ৩) অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্ব স্বকীয়তা ও সৃজনশীলতার যাচাই করা হবে। তাই নোট, গাইড, ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্যের লেখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল হয়ে যাবে।
- ৪) অ্যাসাইনমেন্ট যে কোন পরিচ্ছন্ন সাদা কাগজে কিংবা A4 সাইজের কাগজে স্ব-হস্তে লিখে জমা দিতে হবে।
- ৫) প্রত্যেক নিয়মিত বা অনিয়মিত শিক্ষার্থীর অ্যাসাইনমেন্ট জমা দেওয়া বাধ্যতামূলক। এ কারণে কোন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রমে জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ি থাকবে না।
- ৬) শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট সম্পর্কিত কোন প্রশ্ন থাকলে সংশ্লিষ্ট Mentor বা বিষয় শিক্ষকের সাথে যোগাযোগ করতে পারবে।

### ১ম সপ্তাহের বিষয়সমূহ

বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা	মানবিক
পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান	ইসলামের ইতিহাস, অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা(যার যে বিষয় আবশ্যিক সে সে বিষয়ে অ্যাসাইনমেন্ট প্রস্তুত করবে, ঐচ্ছিক বিষয় প্রস্তুত করতে হবে না)

*Sanjida*  
27/07/2021

Sanjida Mukhter Tanjin  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

B.B.A (Management) M.B.A (HRM)  
Dhaka University  
কাজেম আলী স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

Kazem Ali School & College